**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14-06-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) ধরতি আবা জনজাতি গ্রাম উৎকর্ষ অভিযানের অঙ্গ হিসেবে আগামীকাল থেকে রাজ্যে পক্ষকালব্যাপী ধরতি আবা জনভাগীদারি অভিযান শুরু হচ্ছে।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, নিয়মিত রক্তদান করলে শরীর সুস্থ সবল হয় এবং রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি পায়।**

**(৩) সার্বিক নিরাপত্তার স্বার্থে ভারতে বোয়িং সেভেন এইট সেভেন সিরিজের বিমানগুলির সতর্ক নজরদারির জন্য অসামরিক বিমান পরিবহণ মহানির্দেশকের কার্যালয় থেকে নির্দেশ জারি করা হয়েছে।**

**(৪) ভুটানে ১৫তম দক্ষিণ এশিয়ান বডি বিল্ডিং ও ফিজিক স্পোর্টস প্রতিযোগিতায় ভারতীয় দলের হয়ে ত্রিপুরার রীতা নাগ ব্রোঞ্জ পদক লাভ করে ইতিহাস সৃষ্টি করেছেন।**

*********************************************

**Dharti Aaba Janabhagidari Abhiyan :**

ধরতি আবা জনজাতি গ্রাম উৎকর্ষ অভিযানের অঙ্গ হিসেবে আগামীকাল থেকে রাজ্যে পক্ষকালব্যাপী ধরতি আবা জনভাগীদারি অভিযান শুরু হচ্ছে। আজ আগরতলায় উপজাতি কল্যান দপ্তরের অধিকর্তা শুভাশিস দাস সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, অভিযান চলবে আগামী ৩০শে জুন পর্যন্ত। আগামীকাল আগরতলার প্রজ্ঞাভবনে রাজ্যভিত্তিক অভিযানের সূচনা করবেন উপজাতি কল্যানমন্ত্রী বিকাশ দেববর্মা। অধিকর্তা শ্রী দাস আরও জানান, ধরতি আবা জনভাগীদারি অভিযানের অঙ্গ হিসেবে আগামীকাল থেকে রাজ্যের ৫২টি ব্লকের ৩৯২টি গ্রামে বিশেষ শিবিরের

আয়োজন করা হবে। রাজ্যের আট জেলা শাসক, মহকুমা শাসকরা এই শিবিরগুলিতে সরাসরি যুক্ত থাকবেন। শিবিরে আধার কার্ড, রেশন কার্ড, পিআরটিসি, আয়ুষ্মান ভারত কার্ড, টিকাদান, জনধন অ্যাকাউন্ট চালু করা, কিষাণ ক্রেডিট কার্ড সহ অন্যান্য পরিষেবা দেওয়া হবে।

*****************************

**World Blood Doners Day–C.M :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, নিয়মিত রক্ত দান করলে শরীর সুস্থ সবল হয় এবং রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি পায়। আজ আগরতলার প্রজ্ঞা ভবনে বিশ্ব রক্তদাতা দিবস উপলক্ষে স্বাস্থ্য দপ্তর আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি বলেন, রাজ্যে রক্তের পৃথকীকরণ ব্যবস্থা থাকায় এক ইউনিট রক্ত অন্তত তিনজনের মধ্যে বিতরন করা সম্ভব হচ্ছে। তিনি বলেন, মোট জনসংখ্যার এক শতাংশ ইউনিট রক্ত ব্লাড ব্যাংকগুলোতে মজুত রাখতে হয়। এর জন্য তিনি বিভিন্ন সংস্থা, সংগঠন ব্যক্তিগত পর্যায়ে নিয়মিত রক্তদানে এগিয়ে আসার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

এর আগে অনুষ্ঠানে রাজ্যের যেসব সংস্থা সংগঠন গত বছর ১০০ ইউনিট বা তার বেশি সংখ্যায় রক্তদান করেছে সেই সব সংস্থা সংগঠনকে সংবর্ধনা জানান মুখ্যমন্ত্রী। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ত্রিপুরা রক্ত কোষ নামে একটি ওয়েব পেজের উদ্বোধন করেন। রক্তদান সম্বন্ধে স্বাস্থ্য দপ্তরের মুখপত্র স্বাস্থ্য সংবাদ, এবং রক্ত দান নিয়ে বাৎসরিক ডিজিটাল ক্যালেন্ডার প্রকাশ করেন। অনুষ্ঠানের শুরুতে মুখ্যমন্ত্রী কার্ল ল্যান্ডষ্টেইনারের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন। অনুষ্ঠানের শুরুতে রক্তদানে এগিয়ে আসার জন্য শপথ বাক্য পাঠ করানো হয়। এবছরের বিশ্ব রক্তদাতা দিবসের মূল ভাবনা ছিল Give blood Give hope : Together We Save Lives. অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন স্বাস্থ্য সচিব কিরন গিত্যে, স্বাস্থ্য অধিকর্তা ডাঃ তপন মজুমদার, পরিবার কল্যান ও রোগ প্রতিরোধ দপ্তরের অধিকর্তা ডাঃ অঞ্জন দাস, মেডিক্যাল শিক্ষা অধিকর্তা ডাঃ এইচ পি শর্মা, রাজ্য রক্ত সঞ্চালন বিভাগের প্রকল্প অধিকর্তা ডাঃ সমর্পিতা দত্ত।

****************************

**Covid-Tripura Update :**

স্বাস্থ্য অধিকর্তা ডাঃ তপন মজুমদার আজ জানিয়েছেন, রাজ্যে বর্তমানে দুজন করোনা আক্রান্ত রোগী রয়েছেন। তারা ধলাই ও দক্ষিন ত্রিপুরা জেলার বাসিন্দা। ডাঃ মজুমদার জানান, আক্রান্তরা সর্দি, কাশি, জ্বরের উপসর্গ নিয়ে হাসপাতালে চিকিৎসার জন্য এসেছিলেন। আরটি পিসিআর পরীক্ষায় তাদের শরীরে করোনার জীবানু চিহ্নিত হয়। আক্রান্তরা নিজেদের বাড়িতে আলাদাভাবে রয়েছেন।

****************************

**BJP :**

সম্প্রতি বাংলাদেশের সিরাজগঞ্জ জেলার শাহজাদপুরে রবীন্দ্রনাথ ঠাকুরের পৈতৃক বাড়িতে ভাঙচুরের ঘটনার প্রতিবাদে আজ রাজ্যের বিভিন্ন স্থানে বিজেপি'র উদ্যোগে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। আগরতলার ফায়ার ব্রিগেড চৌমুহনি থেকে একটি প্রতিবাদ মিছিল শুরু হয়। মিছিলে উপস্থিত ছিলেন বিধায়ক ভগবান চন্দ্র দাস, প্রদেশ বিজেপি সহ সভাপতি সুবল ভৌমিক, সাধারণ সম্পাদিকা পাপিয়া দত্ত প্রমুখ।

খোয়াইয়ের পুরান বাজার এলাকায় একটি প্রতিবাদ সভায় উপস্থিত ছিলেন বিজেপি জেলা সভাপতি বিনয় দেববর্মা, জেলা সাধারণ সম্পাদক সমীর কুমার দাস।

বিজেপি'র ঊনকোটি জেলা কমিটির আহ্বানে আজ কৈলাশহরে এক প্রতিবাদ মিছিল বের হয়। তাছাড়া কৈলাশহরের ইমিগ্রেশন চেকপোস্টের পাশে বিক্ষোভ ধর্ণা সংঘটিত হয়। উপস্থিত ছিলেন বিজেপি'র জেলা সভাপতি বিমল কর,রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি,কৈলাশহর পুর পরিষদের ভাইস-চেয়ারম্যান নীতিশ দে, বিজেপি'র জেলা প্রবক্তা দেবাশিস সেন প্রমুখ।

আজ সোনামুড়ার শ্রীমন্তপুর আন্তর্জাতিক চেকপোস্ট সন্নিহিত এলাকায় প্রতিবাদ ও বিক্ষোভ প্রদর্শন করেছে বিজেপি’র সিপাহীজলা জেলা দক্ষিণাংশ কমিটি। উপস্থিত ছিলেন প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক, বিধায়ক বিন্দু দেবনাথ প্রমুখ।

*****************************

**World Blood Doners Day-Bikash Debbarma :**

জনজাতি কল্যানমন্ত্রী বিকাশ দেববর্মা আজ মুঙ্গিয়াকামি আর.ডি ব্লক আয়োজিত এক রক্তদান শিবিরের উদ্বোধন করেন। শিবিরে ৪৬ জন স্বেচ্ছায় রক্তদান করেন। উপস্থিত ছিলেন খোয়াই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. পদ্মরাম জমাতিয়া, মুঙ্গিয়াকামি ব্লকের বিডিও দীপ্তনু দেববর্মা প্রমুখ।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**********************

**CIVIL AVIATION MINISTER :**

কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রী কে. রামমোহন নাইডু জানিয়েছেন, সার্বিক নিরাপত্তার স্বার্থে বোয়িং সেভেন এইট সেভেন সিরিজের বিমানগুলির সতর্ক নজরদারির জন্য অসামরিক বিমান পরিবহণ মহানির্দেশকের কার্যালয় থেকে নির্দেশ জারি করা হয়েছে। তিনি বলেন, ভারতে সেভেন এইট সেভেন সিরিজের চৌত্রিশটি বিমান রয়েছে এবং এর মধ্যে আটটির যাচাই প্রক্রিয়া শেষ হয়েছে।

######Byte- Ram Mohan Naidu-1######

কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রী আরো বলেন, দুর্ভাগ্যজনক বিমান দুর্ঘটনায় নিহত যাত্রীদের সনাক্তকরণে ডি.এন.এ পরীক্ষা আন্তর্জাতিক বিধিবদ্ধতা অনুসারে করা হচ্ছে। এই দুর্ঘটনায় সরকার ক্ষতিগ্রস্তদের পাশে সর্বাত্মকভাবে থাকবে।

######Byte- Ram Mohan Naidu-2######

************************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী কাল ৫ দিনের বিদেশ সফরে যাবেন। এই সফরে তিনি সাইপ্রাস, কানাডা ও ক্রোয়েশিয়া যাবেন।

*************************

**NEET-UG :**

ন্যাশনাল টেস্টিং এজেন্সি পরিচালিত এবছরের নিট-ইউ.জি পরীক্ষার ফলাফল আজ প্রকাশ করা হয়েছে। এই পরীক্ষায় সর্ব ভারতীয় মেধা তালিকা অনুসারে শীর্ষস্থান দখল করেছে রাজস্থানের মহেশ কুমার। মেয়েদের মধ্যে শীর্ষ স্থানে দিল্লির আভিকা আগরওয়াল। ত্রিপুরা সহ দেশের সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের পাশাপাশি দেশের বাইরে থেকেও মোট ২২ লক্ষ ৯ হাজার ৩১৮ জন ছাত্রছাত্রী এই পরীক্ষায় বসেছিলেন। এর মধ্যে যোগ্যতা অর্জন করেছেন, বারো লক্ষ ছত্রিশ হাজার পাঁচশো একত্রিশ জন।

এই তালিকা অনুসারে ত্রিপুরার চার হাজার সাতশো বিরানব্বই জনের মধ্যে দু'হাজার দু'শো বাষট্টিজন যোগ্যতা অর্জন করেছে।

****************************

**Blood Donor Day-Ratanlal Nath :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ আজ মোহনপুরের স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ে বিশ্ব রক্তদাতা দিবস উপলক্ষ্যে একটি রক্তদান শিবিরের উদ্বোধন করেন। শিবিরে ৪০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

***************************

**IPFT-Youth :**

যুব আই.পি.এফ.টি-র একদিনের রাজ্য সম্মেলন আজ আগরতলার দশরথ দেব স্মৃতিভবনে অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া ও আই.পি.এফ.টি-র নেতৃবৃন্দ।

************************

**Rita's Bronze :**

ভুটানে ১৫তম দক্ষিণ এশিয়ান বডি বিল্ডিং ও ফিজিক স্পোর্টস প্রতিযোগিতায় ভারতীয় দলের হয়ে অংশ নিয়ে ত্রিপুরার রীতা নাগ ব্রোঞ্জ পদক লাভ করে ইতিহাস সৃষ্টি করেছেন। আজ মহিলা ফিজিক চ্যাম্পিয়নশীপে ১৫৫ সেন্টিমিটার বিভাগে রীতা ব্রোঞ্জ পান। এটি রাজ্যের ইতিহাসে বডি বিল্ডিং ও মহিলা ফিজিক-এ প্রথম আন্তর্জাতিক পদক। ভুটান থেকে ত্রিপুরা বডি বিল্ডার্স ও ফিটন্যাস এসোসিয়েশনের সভাপতি তনয় দাস এখবর জানান।

*****************************

**World Test Championship :**

অস্ট্রেলিয়াকে ৫ উইকেটে হারিয়ে বিশ্ব টেস্ট ক্রিকেট চ্যাম্পিয়নশিপে প্রথমবারের মতো শিরোপা দখল করল দক্ষিণ আফ্রিকা। ইংল্যান্ডের লর্ডসে

আয়োজিত ম্যাচে দক্ষিণ আফ্রিকার পক্ষে সবচেয়ে বেশি ১৩৬ রান করে এইডেন মারক্রম ম্যান অব দ্যা ম্যাচ হয়েছেন। ১৯৯৮ সালে আইসিসি আয়োজিত চ্যাম্পিয়ন্স ট্রফি দখলের ২৭ বছর পর মেজর আইসিসি ট্রফি জিতল দক্ষিণ আফ্রিকা।

*************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টিপাত সঙ্গে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করা হয়েছে। আজ সকাল সাড়ে আটটা থেকে সন্ধ্যা সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলা বিমানবন্দর এলাকায় বৃষ্টিপাতের পরিমান ৪ দশমিক ৬ মিলিমিটার। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৮.৪ ডিগ্রি সেলসিয়াস।

******************************